

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 11-06-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM meet all party delegations:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নয়াদিল্লিতে অপারেশন সিঁদুরের পর বিভিন্ন দেশ সফর শেষে ফিরে আশা সাতটি সর্বদলীয় প্রতিনিধি দলের সদস্যদের সাথে মিলিত হন। প্রধানমন্ত্রী আবাসে অনুষ্ঠিত এই সর্বদলীয় বৈঠকে সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু ডি এম কে সংসদ কানিমঝি, বিজেপি সংসদ রবি শংকর প্রসাদ, অনুরাগ সিং ঠাকুর, বাসরী স্বরাজ ও নিশি কান্ত দুবে, কংগ্রেসের সংসদ শশী থারুর ও মনিষ তেয়ারী সহ বিজেপির অন্যান্য নেতৃত্বরা উপস্থিত ছিলেন। সাতটি প্রতিনিধি দল তেত্রিশটি দেশ সফর করেন। সফরকালে প্রতিনিধি দল গুলি পাকিস্থানের মদত পুষ্ট সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের জোরালো ভূমিকা তুলে ধরেন।

Parliamentary delegation :

সন্ত্রাসবাদের বিরুদ্ধে বিশ্বব্যাপী প্রচারণার পর কংগ্রেস সাংসদ শশী থারুরের নেতৃত্বে শেষ প্রতিনিধিদলটি পাঁচটি দেশে তাদের সফল সফর শেষ করে গতকাল ভারতে ফিরে এসেছে। প্রতিনিধিদলটি মার্কিন যুক্তরাষ্ট্র, পানামা, গায়ানা, ব্রাজিল এবং কলম্বিয়া সফর করে, ভারতের জাতীয় ঐক্যমত্য এবং সকল ধরনের সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ের দৃঢ় দৃষ্টিভঙ্গি তুলে ধরেছে।

CM, Intellectual's meet :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন সরকারের কার্যকাল দেশের ইতিহাসে স্বর্ণাঙ্করে লেখা থাকবে। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে বিজেপি সদর শহর জেলার উদ্যোগে মোদী সরকারের ১১বছর পূর্তি উপলক্ষে আয়োজিত প্রবুদ্ধজনদের মতবিনিময় সভায় তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন অপারেশন সিঁদুরের মাধ্যমে প্রধানমন্ত্রী সমগ্র বিশ্বকে বুঝিয়েছেন যে ভারত সন্ত্রাসবাদকে কখনো বরদাস্ত করবে না। অনুষ্ঠানে বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য বলেন ১১বছরের মেয়াদ কালে প্রধানমন্ত্রী ভারতমাতার প্রকৃত সেবা করে চলেছেন।

Animesh Debbarma :

বনমন্ত্রী অনিমেঘ দেববর্মা বলেছেন রাজ্যের জনজাতিদের আর্থিক জীবনমান উন্নত করতে রাজ্য সরকার বন দপ্তরের মাধ্যমে বিশেষ পরিকল্পনা গ্রহণ করেছে। ইতিমধ্যে ইন্দো-জার্মান ডেভেলপমেন্ট কো-অপারেশন প্রজেক্টে রাজ্যের বন দপ্তরকে ২৮০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে। এই প্রকল্প চলবে ২০২৮ সাল পর্যন্ত। গতকাল কাঞ্চনপুরের দশদা কমিউনিটি হলে এই প্রকল্পে বিনামূল্যে বিভিন্ন সামগ্রী প্রদান অনুষ্ঠানে একথা বলেন তিনি। জেলা বন দপ্তরের উদ্যোগে এই অনুষ্ঠানে বিভিন্ন প্রয়োজনীয় ব্যবহার সামগ্রী স্থানীয় স্ত্রীস্বাধিকারীদের প্রদানসহ ভারুয়াল ভাবে দুটি ফরেস্ট কমিউনিটি হলেরও উদ্বোধন করা হয়।

S Joysankar :

বিদেশ মন্ত্রী ড: এস জয়শংকর সীমান্তপারের সন্ত্রাস নিয়ে ফের পাকিস্তানকে সতর্ক করেছেন। তিনি জানিয়েছেন, পাকিস্তান যদি সন্ত্রাসে মদত যুগিয়ে যায়

তাহলে সে দেশের গভীরে ভারত আরো প্রত্যাঘাত করবে। তিনি এক বিদেশী ডিজিট্যাল সংবাদপত্রকে দেওয়া সাক্ষাৎকারে আরো বলেন, ভারতে হামলা চালানোর জন্য পাকিস্তান খোলাখুলি হাজার হাজার সন্ত্রাসবাদীকে প্রশিক্ষণ দিয়ে যাচ্ছে। তিনি আরো বলেন, চীন একইসঙ্গে কিছুতেই সন্ত্রাসবাদ বিরোধিতা এবং পাকিস্তানের সঙ্গে বন্ধুত্ব বজায় রাখতে পারে না।

CM, Cloth distribution :

আগরতলার কের চৌমুহনীর্ শিবকালী মন্দিরের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে গতকাল দুঃস্থদের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডক্টর মানিক সাহা দুঃস্থদের হাতে আনুষ্ঠানিকভাবে বস্ত্র তুলে দেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন ধর্মীয় প্রতিষ্ঠান থেকে বস্ত্র বিতরণ, একটি সামাজিক কাজ। তিনি বলেন রাজ্যে বর্তমানে একটি ধর্মীয় পরিমণ্ডল তৈরি হয়েছে। শিবকালী মন্দিরের পক্ষ থেকে এক হাজার শাড়ি দুঃস্থ মহিলাদের মধ্যে বিতরণ করা হয়।

CPIM :

সিপিআইএম এর পক্ষ থেকে সাক্রম মহকুমার ছোটখিল অঞ্চলে একটি ব্লক স্থাপন, অবিলম্বে মনুবাজার থেকে পোয়াংবাড়ি, মনুঘাট থেকে আমলিঘাট রাস্তা দুইটি সংস্কার, শ্রীনগর ও বনকুল আউট পোস্টকে থানায় উন্নীতকরণ সহ ৭ দফা দাবিতে গতকাল সাক্রমের মহকুমা শাসক শিবজ্যোতি দত্তের কাছে স্মারকলিপি পেশ করা হয়। প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী ও সিপিআইএম মহকুমা সম্পাদক অরুণ ত্রিপুরার নেতৃত্বে সাক্রম শহর থেকে মিছিল করে মহকুমা শাসকের অফিসে যান সিপিআইএম নেতা-কর্মীরা।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস।
